

স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

[তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে প্রণীত]

- ০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা অনুযায়ী তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে।
- ০২। ওয়েবসাইটটি সংশ্লিষ্ট সকল ব্যবহারকারীগণের উপযোগী করে তৈরি করতে হবে।
- ০৩। গ্রাহকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে।
- ০৪। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করতে হবে।
- ০৫। ব্যাংক বছরে একবার তথ্য ও সেবা সম্পর্কিত গ্রাহকসভা করবে এবং সভা সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ০৬। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লিখতে হবে।
- ০৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় গ্রাহকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ০৮। স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করা হয়েছে তা প্রতিবছর নিরীক্ষা করতে হবে।
- ০৯। ব্যাংকের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল তাদের ত্রৈমাসিক সভার আলোচ্যসূচিতে নিয়মিতভাবে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় অন্তর্ভুক্ত করবে।
- ১০। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা সাথে সংগতি রেখে কর্তৃপক্ষ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ১১। তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তা, বিকল্প তথ্য কর্মকর্তার নাম, পদবী ও ফোন নম্বর ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ১২। ব্যাংকের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয় তত্ত্বাবধান করবে।

(সঞ্জীব চ্যাটার্জী)

মুখ্য তথ্য অধিকার কর্মকর্তা

এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।